যায়যায়দিন

তারিখ ... 01 MAY 2008
পৃষ্ঠা ৮০ কলাম ৬



ত্রিশালের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইউনিভার্সিটিতে শিক্ষার্থীদের অবস্থান ধর্মঘট -যাযাদি

# ত্রিশালের নজরুল ইউনিভার্সিটির শিক্ষার্থীদের ক্লাস বর্জন

## আন্দোলনে নেতৃত্ব দেয়ায় ৪ ছাত্র ক্যাম্পাসে নিষিদ্ধ

ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইউনিভার্সিটির সেমিস্টার ফি ও হস্টেল চার্জ কমানোর দাবিতে বুধবার শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে রেজিস্ট্রারের কাছে স্মারকলিপি দেন। এদিকে আন্দোলনে নেতৃত্ব দেয়ার অজুহাতে চার ছাত্রকে ১৫ দিনের জন্য ইউনিভার্সিটিতে নিষিদ্ধ করেছেন প্রক্টর। দাবি আদায়ে শিক্ষার্থীরা মানববন্ধন কর্মসূচিও পালন করে।

জানা যায়, এ বছর থেকে ইউনিভার্সিটির ছয় মাসের সেমিস্টার ফি ৪ হাজার ৫০০ এবং হস্টেল ফি মাসিক ৫৫০ টাকা নির্ধারণ করায় শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। তারা ফি কমানোর দাবিতে মঙ্গলবার রেজিস্ট্রারের কাছে স্মারকলিপি দেয়। বুধবার সকাল থেকে শিক্ষার্থীরা আন্দোলনের ডাক দেয়। তারা ফি কমানোর জন্য বিভিন্ন স্লোগান দেয়। নাম প্রকাশে অনিচ্ছুক ছাত্ররা জানায়, বাংলাদেশ এগ্রিকালচার ইউনিভার্সিটির হস্টেল ফি মাসিক ৩০০, ঢাকা ইউনিভার্সিটির ১৫, জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটির ১১ টাকা হলে এখানে কেন ৫৫০ টাকা হবে। এটা অযৌক্তিক ও জুলুম।

এদিকে এ আন্দোলনে নেতৃত্বদানকারী চার ছাত্র বাংলা বিভাগের হাফিজুর রহমান, শিবলু, ফিরোজ আহাম্মেদ ও মোমিনুল ইসলাম প্লাবনকে প্রক্টর এ কে এম শামসুদ্দিন চৌধুরী ডেকে নিয়ে ১৫ দিনের জন্য ক্যাম্পাসে আসা নিষিদ্ধ করেছেন। এ ব্যাপারে প্রক্টর জানান, তাদের ডেকে এনে বোঝানো হয়েছে, হুমকি দেয়া হয়নি। তিনি আরো জানান, যারা আন্দোলন করেছে তারা অনিয়মিত ছাত্র। রেজিস্ট্রার আমিনুল ইসলাম জানান, এ ব্যাপারে কমিটি আছে, তারা বিষয়টি বিবেচনা করবে।